

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

ঢাকা, ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.১৪০—গত ১৬ মে ২০২৩ তারিখে নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য উদ্যোগ কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যসেবা বিষয়ক একটি রেজুলেশন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কমিউনিটি ক্লিনিকভিত্তিক স্বাস্থ্য ব্যবস্থার প্রতি অকুণ্ঠ সমর্থনস্বরূপ জাতিসংঘের ৭০টি সদস্যরাষ্ট্র এই রেজুলেশনে কো-স্পন্সর করে। বাংলাদেশ কর্তৃক প্রস্তাবিত রেজুলেশনটিতে জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহ কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফল উদ্ভাবনী উদ্যোগের ব্যাপক স্বীকৃতি দিয়ে এই উদ্যোগকে 'দ্য শেখ হাসিনা ইনিশিয়েটিভ' হিসেবে উল্লেখ করা হয়েছে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব, প্রজ্ঞা, দূরদর্শিতা, প্রয়োজনানুগ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে সারাদেশে স্থাপিত কমিউনিটি ক্লিনিকসমূহ প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্ভাবন ও উদ্যোগে প্রতিষ্ঠিত কমিউনিটি ক্লিনিকভিত্তিক প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার পদ্ধতি জাতিসংঘের স্বীকৃতি লাভ এবং এ বিষয়ে গৃহীত রেজুলেশনটি সার্বজনীন স্বাস্থ্যসেবা অর্জনের বৈশ্বিক প্রচেষ্টায় একটি অবিস্মরণীয় মাইলফলক।

০৩। আন্তর্জাতিক অঙ্গণে মাননীয় প্রধানমন্ত্রীর এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করেছে। এর পরিপ্রেক্ষিতে, কমিউনিটিভিত্তিক প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা জাতিসংঘে রেজুলেশনে প্রথমবারের মতো গৃহীত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০/১৮ মে ২০২৩ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

(৬৬৯১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৪ জ্যৈষ্ঠ ১৪৩০
ঢাকা: ১৮ মে ২০২৩

গত ১৬ মে ২০২৩ তারিখে নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য উদ্যোগ কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যসেবা বিষয়ক একটি রেজুলেশন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কমিউনিটি ক্লিনিকভিত্তিক স্বাস্থ্য ব্যবস্থার প্রতি অকুষ্ঠ সমর্থনস্বরূপ জাতিসংঘের ৭০টি সদস্যরাষ্ট্র এই রেজুলেশনে কো-স্পন্সর করে। বাংলাদেশ কর্তৃক প্রস্তাবিত রেজুলেশনটিতে জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহ কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফল উদ্ভাবনী উদ্যোগের ব্যাপক স্বীকৃতি দিয়ে এই উদ্যোগকে ‘দ্য শেখ হাসিনা ইনিশিয়েটিভ’ হিসেবে উল্লেখ করা হয়েছে। এই স্বীকৃতি জনগণের স্বাস্থ্যসেবার উন্নয়ন এবং বৈশ্বিক স্বাস্থ্যসেবায় সাম্য আনয়নে বাংলাদেশের দৃঢ় প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে, যা সার্বজনীন স্বাস্থ্য পরিষেবা অর্জনে ইতিবাচক ভূমিকা পালন করবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথমবারের মতো সরকার গঠন করার পর দেশের সকল মানুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতায় আনার লক্ষ্যে কমিউনিটি ক্লিনিকভিত্তিক স্বাস্থ্য ব্যবস্থা চালু করেন। যা সারাদেশের তৃণমূল পর্যায়ের মানুষের দোরগোড়ায় সরকারের প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেয়ার ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছে। মানুষকে নিরবচ্ছিন্ন স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে সরকার ‘কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮’ প্রণয়নসহ সারাদেশে অংশগ্রহণ ও অন্তর্ভুক্তিমূলক ১৪ হাজারেরও বেশি কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করেছে।

মন্ত্রিসভা মনে করে, সারাদেশে গ্রামীণ দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় মানসম্মত প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেবার লক্ষ্যে স্থাপিত কমিউনিটি ক্লিনিক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তাপ্রসূত একটি অগ্রাধিকারপ্রাপ্ত পদক্ষেপ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব, প্রজ্ঞা, দূরদর্শিতা, প্রয়োজনানুগ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে সারাদেশে স্থাপিত কমিউনিটি ক্লিনিকসমূহ প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্ভাবন ও উদ্যোগে প্রতিষ্ঠিত কমিউনিটি ক্লিনিকভিত্তিক প্রাথমিক স্বাস্থ্যপরিষেবার পদ্ধতি জাতিসংঘের স্বীকৃতি লাভ এবং এ বিষয়ে গৃহীত রেজুলেশনটি সার্বজনীন স্বাস্থ্যসেবা অর্জনের বৈশ্বিক প্রচেষ্টায় একটি অবিস্মরণীয় মাইলফলক।

আন্তর্জাতিক অঙ্গণে মাননীয় প্রধানমন্ত্রীর এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করেছে। এর পরিপ্রেক্ষিতে, কমিউনিটিভিত্তিক প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা জাতিসংঘে রেজুলেশনে প্রথমবারের মতো গৃহীত হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছে।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চান্দুগাং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd